রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক”

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, ডিসেম্বর ১৩, ২০২১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**অর্থ মন্ত্রণালয়**
**অভ্যন্তরীণ সম্পদ বিভাগ**
**[মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক]**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৮ অগ্রহায়ণ, ১৪২৮ বঙ্গাব্দ/১৩ ডিসেম্বর, ২০২১ খ্রিষ্টাব্দ

**এস. আর. ও নং ৩৫৭-আইন/২০২১/১৬৭-মূসক।**—মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, বাংলাদেশে খনিজ তৈল ও গ্যাস অনুসন্ধান, উত্তোলন ও উৎপাদন কার্যক্রম পরিচালনার উদ্দেশ্যে বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা) এর সহিত সম্পাদিত উৎপাদন বন্টন চুক্তি (Production Sharing Contract) এর আওতায় ব্লক-৯, ব্লক-১২, ব্লক-১৩, ব্লক-১৪, ব্লক এসএস-০৪ এবং ব্লক এসএস-০৯ এ খনিজ তৈল ও গ্যাস অনুসন্ধান, উত্তোলন ও উৎপাদন কার্যক্রম পরিচালনার উদ্দেশ্যে নিম্নবর্ণিত সেবাসমূহের উপর আরোপণীয় মূল্য সংযোজন কর, দফা ২ এ উল্লিখিত শর্তাবলি প্রতিপালন সাপেক্ষে, অব্যাহতি প্রদান করিল, যথা :—

সেবাসমূহ :

(ক) পেট্রোবাংলার সহিত সম্পাদিত উৎপাদন বন্টন চুক্তির আওতায় উল্লিখিত ব্লকসমূহে খনিজ তৈল ও গ্যাস অনুসন্ধান, উত্তোলন ও উৎপাদন কার্যক্রম পরিচালনার উদ্দেশ্যে সকল আমদানিকৃত সেবা;

(খ) মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর ধারা ১৭ এর উপ-ধারা (১) এর দফা (খ) অনুযায়ী সরবরাহকৃত সকল ধরনের সেবা; এবং

(গ) উল্লিখিত ব্লকসমূহে খনিজ তৈল ও গ্যাস অনুসন্ধান, উত্তোলন ও উৎপাদন কার্যক্রম পরিচালনার উদ্দেশ্যে নির্দিষ্ট সময় বাংলাদেশে অবস্থান করিবার কারণে কোনো অনাবাসিক ব্যক্তি যদি মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর ধারা ২ এর দফা (১৫) অনুযায়ী আবাসিক মর্যাদাসম্পন্ন হয় তাহা হইলে কেবল উক্ত ব্যক্তি কর্তৃক সরবরাহকৃত সকল ধরনের সেবা।

২। দফা ১ এ উল্লিখিত সেবাসমূহের উপর আরোপণীয় মূল্য সংযোজন কর অব্যাহতি পাইবার ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলি প্রতিপালন করিতে হইবে, যথা :—

(ক) উক্ত সেবাসমূহ কেবল উৎপাদন বন্টন চুক্তির আওতায় ব্লক-৯, ব্লক-১২, ব্লক-১৩, ব্লক-১৪, ব্লক এসএস-০৪ এবং ব্লক এসএস-০৯ এ খনিজ তৈল ও গ্যাস অনুসন্ধান, উত্তোলন ও উৎপাদন কার্যে ব্যবহৃত হইবে মর্মে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের অন্যূন যুগ্মসচিব পদমর্যাদার একজন কর্মকর্তা কর্তৃক প্রতি ৬ (ছয়) মাস অন্তর **পরিশিষ্ট-১** অনুযায়ী প্রত্যয়নপত্র সংশ্লিষ্ট কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট বরাবর দাখিল করিতে হইবে; এবং

(খ) উক্ত সেবাসমূহ দফা-১ এ বর্ণিত ক্ষেত্র ও উদ্দেশ্য ব্যতীত অন্য কোনো ক্ষেত্র ও উদ্দেশ্যে ব্যবহৃত হইলে, উক্ত সেবাগ্রহীতা সংশ্লিষ্ট কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত আইনানুগ যে কোনো ব্যবস্থা মানিয়া লইতে বাধ্য থাকিবেন মর্মে **পরিশিষ্ট-২** অনুযায়ী প্রতিটি সরবরাহের বিপরীতে একটি অঙ্গীকারনামা সংশ্লিষ্ট কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট বরাবর দাখিল করিবেন।

৩। এই প্রজ্ঞাপন অবিলম্বে কার্যকর হইবে।

**পরিশিষ্ট-১**

**প্রত্যয়নপত্র**

[শর্তাবলির দফা (ক) দ্রষ্টব্য]

এই মর্মে প্রত্যয়ন করা যাইতেছে যে, (প্রতিষ্ঠানের নাম, ঠিকানা).................উৎপাদন বন্টন চুক্তির আওতায় ব্লক-৯/ব্লক-১২/ব্লক-১৩/ব্লক-১৪/ব্লক এসএস-০৪/ব্লক এসএস-০৯ এ খনিজ তৈল ও গ্যাস অনুসন্ধান, উত্তোলন ও উৎপাদনের লক্ষ্যে বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা) এর সহিত চুক্তিবদ্ধ একটি প্রতিষ্ঠান। উক্ত প্রতিষ্ঠান কর্তৃক ইনভয়েস নং-..................................তারিখ :.................................. এ উল্লিখিত বিবরণ, পরিমাণ ও মূল্য অনুযায়ী সরবরাহকৃত/আমদানিকৃত সেবাসমূহ উল্লিখিত ব্লকে/ব্লকসমূহে তৈল ও গ্যাস অনুসন্ধান, উত্তোলন ও উৎপাদনে ব্যবহৃত হইয়াছে।

স্বাক্ষর :............................................

নাম :..............................................

পদবি :............................................

তারিখ :

সীল :..............................................

**পরিশিষ্ট-২**

অঙ্গীকারনামা

[শর্তাবলির দফা (খ) দ্রষ্টব্য]

**আমি/আমরা এই মর্মে অঙ্গীকার করিতেছি যে, ইনভয়েস নং..................................... তারিখ :..................................এর মাধ্যমে সরবরাহকৃত/আমদানিকৃত সেবাসমূহ উৎপাদন বন্টন চুক্তির আওতায়** ব্লক-৯/ব্লক-১২/ব্লক-১৩/ব্লক-১৪/ব্লক এসএস-০৪/ব্লক এসএস-০৯ এ খনিজ তৈল ও গ্যাস অনুসন্ধান, উত্তোলন ও উৎপাদনে ব্যবহৃত হইবে। আমি/আমরা আরো অঙ্গীকার করিতেছি যে, সরবরাহকৃত/আমদানিকৃত সেবা এই প্রজ্ঞাপনে বর্ণিত ক্ষেত্র ও উদ্দেশ্য ব্যতীত অন্য কোনো ক্ষেত্র ও উদ্দেশ্যে ব্যবহৃত হইলে আমি/আমরা উহার উপর প্রযোজ্য সকল মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক, যদি থাকে, পরিশোধ করিতে বাধ্য থাকিব এবং উহার জন্য মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর অধীন আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হইলে আমি/আমরা উহা মানিয়া লইতে বাধ্য থাকিব।

**দায়িত্বপ্রাপ্ত ব্যক্তির স্বাক্ষর :..........................**

**নাম :..................................................**

**পদবি :.................................................**

**তারিখ :** **প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা :.........................**

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আবু হেনা মোঃ রহমাতুল মুনিম**
সিনিয়র সচিব।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মাকসুদা বেগম সিদ্দীকা, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd